

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৫.১৮- ৪৪

তারিখ :- ২০-০৩-২০১৮ খ্রিঃ।

বিষয় : নেত্রকোণা জেলার সদর উপজেলাধীন শিবপ্রসাদপুর দাখিল মাদ্রাসার সহকারি শিক্ষক(শরীর চর্চা) জনাব মোঃ আবুল হাসেম ইনডেক্স নং-৩৪৭২৬৮ এর ০৮ বছর পূর্তিতে টাইম স্কেলের বিষয়ে আইনগত মতামত প্রদান প্রসংগে।

সূত্র : (১) জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, নেত্রকোণা -এর স্মারক নং-জেশিঅ/নেত্র/২০১৭/৩৪৪, তারিখ:- ০৪.১২.২০১৭ খ্রিঃ।
(২) মোঃ আবুল হাসেম, সহকারি শিক্ষক (শরীর চর্চা)এর ০৩/০৭/২০১৩ খ্রিঃ তারিখের আবেদন।
(৩) বিজ্ঞ লিগ্যাল এ্যাডভাইজার কর্তৃক ০৫-০৩-২০১৮ খ্রিঃ তারিখে প্রদত্ত আইনগত মতামত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আবুল হাসেম বর্ণিত মাদ্রাসায় সহকারি শিক্ষক (শরীর চর্চা)পদে ১০-১১-১৯৯৯ খ্রিঃ তারিখে যোগদান করেন এবং যোগদানের তারিখ হতে তিনি এমপিওভুক্ত হন। বিপিএড প্রশিক্ষণ সনদ অর্জন করায় জনাব মোঃ আবুল হাসেম ০১-০৭-২০০৫ খ্রিঃ তারিখে বিপিএড স্কেল প্রাপ্ত হন।

০২. সুপার কর্তৃক উপস্থাপিত রেকর্ড পত্র থেকে দেখা যায় যে, জনাব মোঃ আবুল হাসেমের বিরুদ্ধে ১৪-০২-২০০৩ খ্রিঃ তারিখে দায়েরকৃত ফৌজদারী মামলা যার টি আর মামলা নং-২০৭/২০০৭, থানা মামলা নং-১০(২)২০০৩ জি আর নং-৫৫(২)২০০৩ এর ২৭-০৯-২০১২ খ্রিঃ তারিখের রায়ে জনাব মোঃ আবুল হাসেমকে ০৫ (পাঁচ) বছর সাজা প্রদান করা হয়।

০৩. ২৭-০৯-২০১২ খ্রিঃ তারিখে মামলার রায়ে ঘোষিত হওয়ার পর মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক জনাব মোঃ আবুল হাসেমকে ২৭-০৯-২০১২ খ্রিঃ তারিখ হতে সাময়িক বরখাস্ত করা হয়।

০৪. উপস্থাপিত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত রায়ে চ্যালেঞ্জ করে সাজা প্রাপ্ত জনাব মোঃ আবুল হাসেম কর্তৃক মহামান্য সুপ্রীমকোর্টে ক্রিমিনাল রিভিশন নং-৩০৫/২০১৪ আপীল মামলা দায়ের করা হলে বর্ণিত মামলায় ১৪-০২-২০১৬ খ্রিঃ তারিখের রায়ে তাঁকে (মোঃ আবুল হাসেম) বেকুসর খালাস প্রদান করা হয়। পরবর্তীতে বাদী পক্ষ উক্ত খালাসের রায়ে বিরুদ্ধে লিভ টু আপীল দায়ের করলে মাননীয় সুপ্রীমকোর্ট উক্ত লিভ টু আপীল খারিজ করে দেন।

০৫. মাননীয় সুপ্রীমকোর্ট কর্তৃক বেকুসর খালাস পাওয়ায় এবং বাদী পক্ষের লিভ টু আপীল মামলাটি খারিজ হয়ে যাওয়ায় মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক জনাব মোঃ আবুল হাসেমের উপর আরোপিত সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করতঃ তাঁকে ০১-০৯-২০১৭ খ্রিঃ তারিখ হতে পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬. মাননীয় সুপ্রীমকোর্ট কর্তৃক বেকুসর খালাস পাওয়ায় এবং বাদী পক্ষের লিভ টু আপীল মামলাটি খারিজ হয়ে যাওয়ায় মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক অনুষ্ঠিত ১৪-০৯-২০১৭ খ্রিঃ তারিখে সভায় সহকারি শিক্ষক (শরীর চর্চা) জনাব মোঃ আবুল হাসেমকে বিপিএড স্কেল প্রাপ্তির তারিখ হতে (০১-০৭-২০০৫ খ্রিঃ) ০৮(আট) বছর পূর্তিতে ০২-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাঁকে টাইম স্কেল প্রদানের সুপারিশ করা হয়।

০৭. ম্যানেজিং কমিটির সিদ্ধান্তক্রমে সহকারি শিক্ষক(শরীর চর্চা) জনাব মোঃ আবুল হাসেম বিপিএড স্কেলের জন্য আবেদন করলে জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা কর্তৃক তাঁর আবেদন মঞ্জুর না করে সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মাধ্যমে আইনগত মতামতের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়।

০৮. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক বর্ণিত বিষয়ে অধিদপ্তরের বিজ্ঞ আইনজীবীর নিকট উল্লেখিত বিষয়ে আইনগত মতামত চাওয়া হলে সূত্রে বর্ণিত ০৩ নং স্মারকের মাধ্যমে অত্র অধিদপ্তরের বিজ্ঞ লিগ্যাল এ্যাডভাইজার কর্তৃক নিম্নরূপ আইনগত মতামত দেয়া হয় :

There appears to be no legal bar on the assistant teacher (Physical Exercise) Mr. Abul Hashem of the said Madrasa to get time scale.

০৯। যেহেতু সহকারি শিক্ষক (শরীর চর্চা) জনাব মোঃ আবুল হাসেম মহামান্য সুপ্রীমকোর্টের রায়ের প্রেক্ষিতে বেকসুর খালাস প্রাপ্ত এবং যেহেতু বর্ণিত মাদ্রাসার ম্যানেজিং কমিটির সিদ্ধান্তক্রমে তাঁকে (মোঃ আবুল হাসেম) টাইম স্কেল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং যেহেতু জনাব মোঃ আবুল হাসেম তাঁর চাকুরীতে অবিরতভাবে কর্মরত আছেন সেহেতু বিপিএডের স্কেল প্রাপ্তির পর তাঁকে ০৮ বছর পূর্তিতে টাইম স্কেল প্রদানের ক্ষেত্রে আইনগত কোন প্রতিবন্ধকতা নেই মর্মে প্রতিয়মান হয়।

১০. এমতাবস্থায়, নেত্রকোণা জেলার সদর উপজেলাধীন শিব প্রসাদপুর দাখিল মাদ্রাসার সহকারি শিক্ষক(শরীর চর্চা) জনাব মোঃ আবুল হাসেম, ইনডেক্স নং-৩৪৭২৬৮ কে ০৮ বছর পূর্তিতে টাইম স্কেল প্রদানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নিমিত্ত মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

NO 21.03.19

(নাজনীন সুলতানা)

সহকারী পরিচালক (অডিট ও আইন)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১। জেলা শিক্ষা অফিসার
নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা : নেত্রকোণা সদর, জেলাঃ নেত্রকোণা।
- ৪। সুপার, শিব প্রসাদপুর দাখিল মাদ্রাসা, ডাকঘরঃ-দেওপুর, উপজেলা : নেত্রকোণা সদর, জেলাঃ নেত্রকোণা।
- ৫। অফিস কপি।